

ঢাকা ওয়াসা



- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।
- (৪) সোলার স্ট্রিট লাইট এর নকশা।
- (৫) মালামাল ক্রয় কাজের স্পেসিফিকেশন।
- (৬) সোলার স্ট্রিট লাইট ক্রয় ও স্থাপন কাজের প্রাক্কলন।
- (৭) আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Supply of solar panel street light with related works from mohammadbagh water pump to outfall pumping station(Lot-2) কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৭ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে ১৭টি সচল পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে সরবরাহ/প্রেরণ করে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে সর্বশেষ ধাপে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। উক্ত পয়ঃ শোধনাগার হতে বর্তমানে লিফট পাম্প, স্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীণ ও ঢাকা শহরের প্রধান ৪টি ট্রাংক মেইন পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডস্ জোন অর্থাৎ মডস্ জোন-১, ২, ৩, ৫, ৬ এর আওতাধীন ১৭ টি সচল পয়ঃ উত্তোলন কেন্দ্রসহ নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় ইলেকট্রোমেকানিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুস্বচ্ছভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হচ্ছে। উক্ত পয়ঃ শোধনাগারে বিভিন্ন স্থাপনার পাশাপাশি বিশাল খোলা চত্তর বিদ্যমান। প্ল্যান্টটি মোট ২৫৩ এককর জায়গা নিয়ে বিস্তৃত। উক্ত প্ল্যান্টের নিরাপত্তা ব্যবস্থা যথাযথ রাখতে প্ল্যান্টের চারদিকে বাউন্ডারী ওয়াল ও রাস্তা রয়েছে। রাতের বেলায় প্ল্যান্টের নিরাপত্তায় নিয়োজিত লোকবল ও বিভিন্ন পয়েন্টে কর্মরত লোকবলের চলাচলের সুবিধার্থে উক্ত রাস্তার সাইট দিয়ে কিছু সোলার লাইট স্থাপন করা হয়েছে। রাস্তার বাকি জায়গাতে লাইটিং ব্যবস্থা না থাকায় নিরাপত্তা ব্যবস্থা ব্যাহত হচ্ছে ও লোকবলের ডিউটি করতে সমস্যা হচ্ছে। সেই কারণে রাতের বেলায় কর্মরত লোকবলের যাতায়াতের সুবিধার্থে ও রাত্রিকালীন নিরাপত্তা ব্যবস্থা যথাযথ মনিটরিং এর আওতায় আনার জন্য পয়ঃশোধনাগার বিভাগের অভ্যন্তরে স্থাপিত মোহাম্মদবাগ পানির পাম্প হতে আউটফল পাম্পিং স্টেশন অর্থাৎ পূর্ব দক্ষিণ সাইডের রাস্তায় সোলার লাইট দিয়ে আলোকিত করা প্রয়োজন। উল্লেখ্য যে, সোলার প্ল্যান্টের প্রাথমিক খরচ একটু বেশি হলেও পরবর্তিতে এর জন্য কোন বিদ্যুৎ বিল প্রদান করার প্রয়োজন হয় না ও পরিবেশ বান্ধব। এছাড়া মেরামত ও রক্ষণাবেক্ষণ খরচ তুলনামূলকভাবে অনেক কম বিধায় কারিগরী বিবেচনায় অত্র প্ল্যান্টে সোলার লাইট স্থাপন করা যুক্তিযুক্ত, টেকসই ও সাশ্রয়ী হবে।

১.১। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে "Supply of solar panel street light with related works from mohammadbagh water pump to outfall pumping station(Lot-2)" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ১৯,৯৫,৭৭৬.০০০(উনিশ লক্ষ পচানব্বই হাজার সাতশত ছিয়াত্তর) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের "খুচরা যন্ত্রাংশ(শোধনাগার)" (কোড ০১-০৪-০২৫) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-২০১; প্যাকেজ নং- G39 হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬১(১) ধারা অনুসরণে উন্মুক্ত দরপত্র পদ্ধতি(ওটিএম, ই-জিপি) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Supply of solar panel street light with related works from mohammadbagh water pump to outfall pumping station(Lot-2)" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-


ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১(১) ধারা অনুসারে Open Tendering Method(OTM, e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ১৯,৯৫,৭৭৬.০০০(উনিশ লক্ষ পচানব্বই হাজার সাতশত ছিয়াত্তর) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের "খুচরা যন্ত্রাংশ(শোধনাগার)" (কোড ০১-০৪-০২৫) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।


24/9/25
সম্প্রতি মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।
24.09.2025
মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


S.E.(WSP/line)


26/09/2025
মিজী গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।


2.8
অনু (ম/বি/উ)
26/09/25
2025
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।